



গাধারূপী বাচ্চা

Donkey Child

 Lindiwe Matshikiza

 Meghan Judge

 Asma Afreen

 3

 বাংলা [bn](#) / English [en](#)



প্রথমে একটি ছোট মেয়ে দূরে একটি রহস্যময় আকারের কিছু দেখতে পায়।

...

It was a little girl who first saw the mysterious shape in the distance.



আকারটি কাছে আসতে থাকলে, সে দেখে যে ইহা একজন গর্ভবতী মহিলা।

...

As the shape moved closer, she saw that it was a heavily pregnant woman.



লজ্জাবতি কিন্তু সাহসী ছোট মেয়েটি মহিলার কাছে আসল।
“আমাদের উচিত তাঁকে আমাদের কাছেই রাখা,” ছোট মেয়েটির
সম্প্রদায় সিদ্ধান্ত নিল। “আমরা তাঁকে এবং তাঁর বাচ্চাকে
নিরাপদে রাখব।”

...

Shy but brave, the little girl moved nearer to the
woman. “We must keep her with us,” the little girl’s
people decided. “We’ll keep her and her child safe.”



বাচ্চাটির শীঘ্রই জন্ম হবে। “চাপ দাও!” “কম্বল আন!” “পানি”
“চাপ দাআআআওওও!!!”

...

The child was soon on its way. “Push!” “Bring
blankets!” “Water!” “Puuuusssshhh!!!”



কিন্তু যখন তারা বাচ্চাটিকে দেখল, সবাই শঙ্কিত হয়ে পিছনে
লাফিয়ে পড়ল। “গাধা?!”

...

But when they saw the baby, everyone jumped back
in shock. “A donkey?!”



সবাই তর্ক শুরু করল। “আমরা বলেছিলাম আমরা মা ও তাঁর বাচ্চাকে নিরাপদে রাখব, এবং আমরা তাই করব,” কিছু লোক বলল। “কিন্তু তাঁরা আমাদের জন্য অভিশাপ বয়ে আনবে!” অন্যরা বলল।

...

Everyone began to argue. “We said we would keep mother and child safe, and that’s what we’ll do,” said some. “But they will bring us bad luck!” said others.



আর তাই মহিলাটি আবার একা হয়ে পড়লেন। তিনি ভাবলেন তিনি এই অদ্ভুত বাচ্চাকে নিয়ে কি করবেন। তিনি ভাবলেন তিনি নিজেকে নিয়ে কি করবেন।

...

And so the woman found herself alone again. She wondered what to do with this awkward child. She wondered what to do with herself.



কিন্তু শেষ পর্যন্ত তাঁকে মেনে নিতে হল যে সে তাঁর বাচ্চা এবং
তিনি তার মা।

...

But finally she had to accept that he was her child
and she was his mother.



এখন, বাচ্চাটি যদি সেই একই রকম, ছোট আকারের থাকত, তবে সবকিছু আলাদা হতে পারত। কিন্তু গাধারূপী বাচ্চাটি বড় হতে থাকল যতক্ষণ পর্যন্ত না তার আর মায়ের পিঠে জায়গা হল না। এবং সে যত কঠোর চেষ্টাই করুক না কেন, সে মানুষের মত ব্যবহার করতে পারত না। তার মা প্রায়ই ক্লান্ত এবং হতাশ হয়ে পড়তেন। কখনো কখনো তিনি তাকে পশুদের মত কাজ করতে দিতেন।

...

Now, if the child had stayed that same, small size, everything might have been different. But the donkey child grew and grew until he could no longer fit on his mother's back. And no matter how hard he tried, he could not behave like a human being. His mother was often tired and frustrated. Sometimes she made him do work meant for animals.



গাধার ভিতর বিভ্রান্তি এবং ক্রোধ জমতে থাকল। সে এটা করতে পারত না এবং সে ওটা করতে পারত না। সে এতটাই রাগান্বিত হল যে একদিন তার মাকে লাথি মেরে মাটিতে ফেলে দিল।

...

Confusion and anger built up inside Donkey. He couldn't do this and he couldn't do that. He couldn't be like this and he couldn't be like that. He became so angry that, one day, he kicked his mother to the ground.



গাধা লজ্জায় কুঁকড়ে গেল। সে যথাসম্ভব দ্রুত দৌড়ে পালাতে থাকল।

...

Donkey was filled with shame. He started to run away as far and fast as he could.



যখন সে দৌড় থামাল, তখন রাত হয়ে গেল, এবং গাধা হারিয়ে গেল। “রাসভ?” সে অন্ধকারে ফিসফিস করল। “রাসভ?” এটি প্রতিধ্বনিত হয়ে ফিরে আসল। সে একা ছিল। নিজেকে একটি আঁটসাঁট পিণ্ডের মত করে কুঁকড়ে নিয়ে, সে এক গভীর ও অস্থির ঘুমে নিমজ্জিত হল।

...

By the time he stopped running, it was night, and Donkey was lost. “Hee haw?” he whispered to the darkness. “Hee Haw?” it echoed back. He was alone. Curling himself into a tight ball, he fell into a deep and troubled sleep.



গাধা ঘুম থেকে উঠে একজন অদ্ভুত বয়স্ক লোককে তার দিকে তাকিয়ে থাকতে দেখল। সে বৃদ্ধ লোকটির চোখের দিকে তাকাল এবং এক ঝলক আশা অনুভব করতে শুরু করল।

...

Donkey woke up to find a strange old man staring down at him. He looked into the old man's eyes and started to feel a twinkle of hope.



গাধা বৃদ্ধ লোকটির সাথে থাকতে চলে গেল, যিনি তাকে বেঁচে থাকার বিভিন্ন উপায় শেখালেন। গাধা শুনত ও শিখত, এবং বৃদ্ধ লোকটিও তাই করত। তারা একে অপরকে সাহায্য করত এবং একসাথে হাসত।

...

Donkey went to stay with the old man, who taught him many different ways to survive. Donkey listened and learned, and so did the old man. They helped each other, and they laughed together.



এক সকালে, বৃদ্ধ লোকটি গাধাকে তাঁকে বহন করে একটি পাহাড়ের চুড়ায় নিতে বললেন।

...

One morning, the old man asked Donkey to carry him to the top of a mountain.



উঁচুতে মেঘপুঞ্জের মাঝে তারা ঘুমিয়ে পড়ল। গাধা স্বপ্ন দেখল যে তার মা অসুস্থ এবং তাকে ডাকছে। এবং যখন সে জেগে উঠল...

...

High up amongst the clouds they fell asleep.
Donkey dreamed that his mother was sick and
calling to him. And when he woke up...



... মেঘপুঞ্জ তার বন্ধু, বৃদ্ধ লোকটি সহ অদৃশ্য হয়ে গেছে।

...

... the clouds had disappeared along with his friend,
the old man.



গাধা শেষ পর্যন্ত বুঝতে পারল কি করতে হবে।

...

Donkey finally knew what to do.



গাধা তার মাকে খুঁজে পেল, তিনি একা একা তাঁর হারিয়ে যাওয়া সন্তানের জন্য শোক করছিলেন। তারা একে অপরের দিকে অনেকক্ষণ তাকিয়ে থাকল। এবং তারপর একে অপরকে শক্ত করে জড়িয়ে ধরল।

...

Donkey found his mother, alone and mourning her lost child. They stared at each other for a long time. And then hugged each other very hard.



গাধারুপী বাচ্চা আর তার মা একত্রে বেড়ে উঠেছে এবং পাশাপাশি জীবনযাপনের অনেক উপায় খুঁজে পেয়েছে। ধীরে ধীরে, তাদের চারপাশে, অন্যান্য পরিবার বসতি স্থাপন শুরু করেছে।

...

The donkey child and his mother have grown together and found many ways of living side by side. Slowly, all around them, other families have started to settle.



Global Storybooks

globalstorybooks.net

গাধারূপী বাচ্চা

Donkey Child

 Lindiwe Matshikiza

 Meghan Judge

 Asma Afreen (bn)

